দৈনিক
ইত্তেফাক

তারিখ 11 MAR 2017
পৃষ্ঠা ৭ কলাম ৩

# স্কুল এমপিওভুক্ত না হওয়ায় শিক্ষক কর্মচারীরা বিপাকে

■ ডামুড্যা (শরীয়তপুর) সংবাদদাতা

উপজেলার পূর্ব ডামুড্যা ইউনিয়নের চর ভয়রা গ্রামের, আলহাজ্ব আঃ হামিদ উচ্চ বিদ্যালয়টি ১৬ বছরেও এমপিও ভুক্ত হয়নি। এতে ওই শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারিদের মানবেতর জীবন-যাপন করতে হচ্ছে। উপজেলা সদর থেকে প্রায় ৯ কিঃ মিঃ দূরে দুর্গম চরাঞ্চলে শিক্ষা প্রতিষ্ঠানটির অবস্থান। ২০০১ সালে স্থাপিত এই স্কুলটি ২০১০ সালে মাধ্যমিক বিদ্যালয় হিসাবে পাঠদানের অনুমতি পায়। গত এসএসসিতে স্কুলের পাশের হার ছিল ৮০%। বর্তমানে বিদ্যালয়ের শিক্ষার্থী ৩৫৫ জন। দুই জন চতুর্থ শ্রেণির কর্মচারী সহ শিক্ষক-শিক্ষিকার সংখ্যা ১০ জন। বিদ্যালয়টি এক একর জমির উপর প্রতিষ্ঠিত। এই প্রতিষ্ঠানটিকে এমপিও ভুক্ত করার মতো জমি, অবকাঠামো, আসবাবপত্র, শিক্ষার্থী ও শিক্ষক সবই আছে। তার পরেও ১৬ বছর যাবত প্রতিষ্ঠানটি এমপিও ভুক্ত না হওয়ায় সংশ্লিষ্ট সকলেই পরিবার পরিজন নিয়ে মানবেতর জীবন-যাপন করছেন।

ডামুড্যা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার গোপাল চন্দ্র মজুমদার বলেন, দুর্গম চর এলাকার এই বিদ্যালয়টি গুরুত্বর অপরিসীম।